অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটে নিউ আমেরিকান্স-এর জন্য গভর্নর হোকলের প্রথম বারের মতো নাগরিক নেতৃত্ব কর্মসূচি চালুর ঘোষণা

অফিস ফর নিউ আমেরিকান্স-এর নাগরিক নেতৃত্ব কর্মসূচি প্রাণবন্ত ও উষ্ণ কমিউনিটি তৈরি করবে

ওয়েলকামিং উইক এবং নিউ ইয়র্ক স্টেটে নতুন আমেরিকানদের গুরুত্বপূর্ণ অবদানসমূহ উদযাপনের জন্য গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

ঘোষণাপত্রটি এখানে পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজ ওয়েলকামিং উইকের (9-18 সেপ্টেম্বর) অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট নাগরিক নেতৃত্ব কর্মসূচি (New York State Civic Leadership Program) চালু করার ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট নাগরিক নেতৃত্ব কর্মসূচি হলো নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans) এবং অভিবাসীদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে স্বীকৃতিপ্রাপ্ত একটি জাতীয় নেতৃত্ব ওয়েলকামিং আমেরিকা (Welcoming America) এর মধ্যে সম্পন্ন হওয়া একটি অংশীদারিত্ব। নাগরিক নেতৃত্ব কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটজুড়ে নতুন আমেরিকানদের নাগরিক নেতৃত্ব জোরদার করার জন্য এবং স্থানীয় সরকার, প্রতিষ্ঠান, এবং তাদের প্রতিবেশীদের সঙ্গে তাদের সংযুক্ত করার জন্য স্টেটের পরিচালনাধীন এধরনের প্রথম কর্মসূচি। এই পাইলট কর্মসূচি নিজেদের কমিউনিটিগুলোতে ইতিবাচক প্রভাব রাখতে আগ্রহী নতুন আমেরিকানদের জন্য নেতৃত্ব গঠন এবং নাগরিক প্রশিক্ষণ কর্মশালা সেশন আয়োজন করবে।

"নিউ ইয়র্ক কয়েক প্রজন্মের অভিবাসীদের কঠোর পরিশ্রম ও দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের উপর নির্মিত হয়েছে, এবং আমরা আমাদের স্টেটে একটি নতুন জীবন শুরু করতে আগ্রহী সবাইকে স্বাগত জানাই," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক স্টেট নাগরিক নেতৃত্ব কর্মসূচি - এধরনের প্রথম কর্মসূচি - নতুন আমেরিকানদেরকে তাদের কমিউনিটির সঙ্গে শক্তিশালী সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করবে, একটি সমৃদ্ধ নিউ ইয়র্ক স্টেটের জন্য অবদান রাখতে এবং স্থানীয় নেতৃত্বদের পরবর্তী প্রজন্মকে গড়ে তুলতে সাহায্য করার জন্য তাদেরকে সহায়তা প্রদান করবে।"

গভর্নর হোকল 2022 সালের 9-18 সেপ্টেম্বরের সপ্তাহটিকে নিউ ইয়র্ক স্টেটের ওয়েলকামিং উইক হিসেবে স্বীকৃতি দিয়ে একটি ঘোষণাপত্র জারি করেছেন। ওয়েলকামিং উইকের সময়ে,

সংস্থা ও কমিউনিটিগুলো সব পটভূমি থেকে আসা প্রতিবেশীদের মধ্যে সংযোগ তৈরি করার জন্য এবং সামষ্টিক সমৃদ্ধি ও অন্তর্ভুক্তি অর্জনের জন্য স্বাগত জানানো ও অন্তর্ভুক্তিমূলক স্থানগুলোর গুরুত্ব নিশ্চিত করার জন্য তাদেরকে একত্রিত করে। ওয়েলকামিং আমেরিকা (Welcoming America) ওয়েলকামিং উইক-এর নেতৃত্ব দিচ্ছে, যেটি স্থানীয় নেতৃবৃন্দকে শক্তিশালী নাগরিক সম্পৃক্ততা এবং কমিউনিটিগুলোর জন্য অন্তর্ভুক্তির রীতি গড়ে তোলার ক্ষেত্রে সহায়তা করার ব্যাপারে অভিজ্ঞ একটি অলাভজনক সংস্থা।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "নিউ ইয়র্কে, আমরা সারা বিশ্ব থেকে আসা মানুষদের সাদরে বরণ করে নিই কারণ আমাদের স্টেট অন্তর্ভুক্তির একটি অনুভূতি প্রদান করে থাকে। কার্যক্রম শুরুর পর থেকে অফিস ফর নিউ আমেরিকান্স অভিবাসীদেরকে সফল হতে সাহায্য করে আসছে। নিউ ইয়র্ক স্টেট নাগরিক নেতৃত্ব কর্মসূচি আরেকটি হাতিয়ার সামনে নিয়ে আসছে যা আমরা অভিবাসীদেরকে আমাদের সরকার ও প্রতিষ্ঠানগুলো কিভাবে কাজ করে সে বিষয়টি স্বাচ্ছন্দ্যে অনুধাবন করতে পারা, মতামত জানানোর কণ্ঠস্বর পাওয়া, এবং লভ্য থাকা সংস্থানসমূহ সম্পর্কে জানার মাধ্যমে আমাদের কমিউনিটিগুলোর প্রয়োজনের প্রতি সাড়া দেওয়ার একটি উপায় হিসেবে প্রদান করতে পারি। এটি নতুন আমেরিকানদের সবার জন্য আমরা নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দিতে পারি এমন এক একীভূত নিউ ইয়র্ক স্টেটে বসবাস করার একটি পথ দেখায়।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "হোকল প্রশাসন কর্তৃক গৃহীত এবং অফিস অব নিউ আমেরিকান্স-এর চালু করা এই নতুন উদ্যোগ নতুন ও উদীয়মান অভিবাসী কমিউনিটিগুলো যাতে আমাদের জাতির সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কাঠামোর সঙ্গে আরো ভালোভাবে একীভূত হতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য একটি শক্তিশালী হাতিয়ার। এসব কমিউনিটিতে নাগরিক নেতৃত্ব গড়ে তোলাটাই অভিবাসীদের একীভূতকরণের চাবিকাঠি। নিউ ইয়র্ক স্টেট নাগরিক নেতৃত্ব কর্মসূচি আমাদের দেশের শক্তিশালী গণতান্ত্রিক ঐতিহ্য ও প্রতিষ্ঠানগুলোকে অনুধাবন করে ও জোরদার করে এমন শক্তিশালী কমিউনিটিগুলো গড়ে তোলার ক্ষেত্রে নিউ ইয়র্ক কিভাবে দেশের নেতৃত্ব দিতে পারে সে বিষয়টি দেখিয়ে দিচ্ছে। নিউ ইয়র্ককে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া সবার জন্য একটি সমৃদ্ধ ভবিষ্যত নিশ্চিত করতে তাদের চলমান কাজের জন্য আমি গভর্নর হোকল এবং সেক্রেটারি অব স্টেট রডরিগেজকে ধন্যবাদ জানাই।"

ওয়েলকামিং আমেরিকার এক্সিকিউটিভ ডিরেক্টর র‍্যাচেল পেরি বলেন, "জীবনের সকল স্তর থেকে উঠে আসা নিউ ইয়র্কবাসীদের নিজেদের কমিউনিটিতে সেবাদান ও নেতৃত্ব দেওয়ার সক্ষমতা গড়ে তোলার জন্য এই উদ্ভাবনমূলক ও ঐতিহাসিক বিনিয়োগে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে অংশীদার হতে পেরে ওয়েলকামিং আমেরিকা গর্বিত। নতুন এবং দীর্ঘদিনের নিউ ইয়র্কবাসীরা যাতে, তারা যেখান থেকে আসুক না কেন তা নির্বিশেষে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া কমিউনিটিগুলোর নাগরিক কাঠামোয় অংশগ্রহণ করতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রচেষ্টাকে আমরা সাধুবাদ জানাই।"

লাইফ ওয়ার্ক ইমিগ্রেন্ট সার্ভিসেস (LifeWorks Immigrant Services)-এর ম্যানেজার জোয়ান ওডেস বলেন, "লাইফ ওয়ার্কস কমিউনিটি অ্যাকশন (LifeWorks Community

Action) ওয়েলকামিং আমেরিকার সঙ্গে অংশীদার হয়ে এই পাইলট নাগরিক নেতৃত্ব কর্মসূচিতে অংশগ্রহণ করতে পেরে আনন্দিত। আমাদের অভিবাসী পরিষেবা কর্মসূচি স্বাস্থ্য, শিক্ষা, আইনি পরিষেবা এবং সামাজিক পরিষেবা খাতের অ্যাক্সেস সহজতর করার মাধ্যমে খাতগুলোতে অভিবাসীদেরকে স্বাগত জানাতে কাজ করে, তারা আমাদের কমিউনিটির দীর্ঘমেয়াদী সদস্য অথবা নতুন এসে পৌঁছানো কেউ যাই হোক না কেন। আমাদের এলাকার অনানুষ্ঠানিক নেতৃত্বের স্থানে থাকা অভিবাসীদের মধ্যে যারা এখনো পর্যন্ত ইতোমধ্যে তাদের মাঝে থাকা নেতৃত্বের গুণগুলো জোরদার করার জন্য আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণে অংশ নেওয়ার এবং নিত্যদিন তাদের জীবনকে প্রভাবিত করে চলা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে নিজেদেরকে আরো বেশি পরিচিত করে তোলার সুযোগ পাননি, তারা এই নাগরিক নেতৃত্ব কর্মসূচিকে উৎসাহের সঙ্গে গ্রহণ করবেন বলে আমরা প্রত্যাশা করি।"

চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল (Chinese American Planning Council) প্রোগ্রামের কুইন্স স্পেশাল নিডস ডিরেক্টর জ্যাকুলিন ফ্যান বলেন, "আমাদের কুইন্স কমিউনিটি সার্ভিসেসের অবস্থানসমূহের মাধ্যমে নতুন আমেরিকানদের নাগরিক নেতৃত্বের দক্ষতা শক্তিশালী করার জন্য এই নাগরিক নেতৃত্ব কর্মসূচিতে নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকান্স এবং ওয়েলকামিং আমেরিকার সঙ্গে অংশীদার হতে পেরে চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল রোমাঞ্চিত। আমরা চাইনিজ অভিবাসীদের, বিশেষ করে বিশেষ চাহিদাসম্পন্ন পরিবারগুলোর, ক্ষমতায়ন করা, তাদের কণ্ঠকে তুলে ধরা এবং নিউ ইয়র্কে নাগরিক প্রচেষ্টার ক্ষেত্রে তাদের সম্পৃক্ততাকে উৎসাহিত করার জন্য আমাদের কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি, বিশেষ করে কুইন্স-এর অধিবাসীদের ক্ষেত্রে, যেখানে অধিবাসীদের অর্ধেক সংখ্যক হচ্ছে অভিবাসী এবং অর্ধেকেরও বেশি অংশ ইংরেজি ছাড়া অন্য ভাষায় কথা বলেন।"

এগ্রি-বিজনেস চাইল্ড ডেভেলপমেন্ট (Agri-Business Child Development, ABCD)-এর চিফ এক্সিকিউটিভ অফিসার ম্যাগি এম. ইভান্স বলেন, "সব ABCD পরিবারের জন্য শিক্ষার সুযোগ, সামাজিক, কল্যাণ, ও স্বাস্থ্য পরিষেবা প্রদান করতে পেরে আমরা সম্মানিত। অংশীদারিত্বসমূহ ABCD-এর সফলতা ও কৌশলগত পরিকল্পনার একটি অবিচ্ছেদ্য ও অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। এই ওয়েলকামিং উইক-এর সময়ে এবং নাগরিক নেতৃত্ব কর্মসূচি চালু হওয়া উদযাপনের সময়ে, NYS অফিস ফর নিউ আমেরিকান্স এবং ওয়েলকামিং আমেরিকার সঙ্গে ABCD-এর অংশীদারিত্বের গুরুত্বের স্বীকৃতি প্রদান করাটা আমাদের জন্য একটি আনন্দের ব্যাপার। এই উদ্দীপনাপূর্ণ সুযোগের জন্য আমরা গভর্নর হোকলের কাছে অত্যন্ত কৃতজ্ঞ।"

অভিবাসী ও শরণার্থীরা যাতে স্থানীয় সংস্থানসমূহ অ্যাক্সেস করতে পারেন, তাদের মতামত শেয়ার করার মতো সুযোগগুলোর সঙ্গে সংযুক্ত থাকেন এবং নিজেদের কমিউনিটিতে এবং তাদের প্রতিবেশি ও প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অর্থপূর্ণ উপায়ে অংশগ্রহণ করতে পারেন সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে এই নাগরিক নেতৃত্ব কর্মসূচি উষ্ণ ও অন্তর্ভুক্তিমূলক কমিউনিটিগুলো লালন করবে এবং এই সবকিছু এমন একটি পরিবেশ তৈরিতে অবদান রাখবে যেখানে নতুন আমেরিকানরা সমৃদ্ধি অর্জন করতে পারেন এবং অন্তর্ভুক্তির অনুভূতি পেতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকান্স নাগরিক নেতৃত্ব কর্মসূচির আওতাধীন কর্মশালাগুলোর জন্য একটি পাঠ্যক্রম প্রণয়ন করতে ওয়েলকামিং আমেরিকা-এর সঙ্গে অংশীদার হয়েছে। ওয়েলকামিং আমেরিকা নিউ ইয়র্ক স্টেটে তিনটি কমিউনিটিভিত্তিক সংস্থাকে চলমান প্রযুক্তিগত সহায়তা প্রদান করছে, যে সংস্থাগুলো এই নতুন নাগরিক নেতৃত্বের পাঠ্যক্রমকে কাজে লাগাবে। ওয়েলকামিং আমেরিকা-এর নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলোর চাহিদার প্রতি সাড়াদানকারী এই পাঠ্যক্রম প্রণয়ন করা শুধু স্টেট পর্যায়েই নয়, বরং জাতীয় পর্যায়ে অভিবাসীদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সংস্থান হয়ে থাকবে।

নাগরিক নেতৃত্ব কর্মসূচি পাইলট পর্যায়ে গ্রহণ করতে যাওয়া তিনটি কমিউনিটিভিত্তিক সংস্থা হচ্ছে চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল, এগ্রি বিজনেস চাইল্ড ডেভেলপমেন্ট, এবং লাইফ ওয়ার্কস - এসব সংস্থা নিউ ইয়র্ক স্টেটের তিনটি পৃথক অঞ্চলে, গ্রামীণ ও শহুরে উভয় লোকালয়ে, এই পাইলট কর্মসূচি চালু করবে। নিউ ইয়র্ক সিটি, অরেঞ্জ ও সারাটোগা কাউন্টিতে পরিষেবা প্রদানকারী এসব সংস্থা পরবর্তীতে এই শরতকালে অংশগ্রহণকারীদের নিযুক্ত করবে এবং নতুন পাঠ্যক্রম কাজে লাগিয়ে কর্মশালার সেশন আয়োজন করবে।

ONA-এর অনন্য র‍্যামিরেজ জুন ইনিশিয়েটিভ (Ramirez June Initiative)-এর প্রচেষ্টায় অবদান রাখতে, প্রতিবন্ধী কোনো শিশু রয়েছে এমন অভিবাসী বাবা-মা ও কেয়ারগিভারদের সঙ্গে অংশগ্রহণের জন্য বিশেষভাবে যোগাযোগের পদক্ষেপ গ্রহণ করা হবে। দেশের মধ্যে এধরনের প্রথম এই উদ্যোগ বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত অক্ষমতায় (I/DD) আক্রান্ত নতুন আমেরিকানদের এবং তাদের পরিবারগুলোকে নিউ ইয়র্ক স্টেটে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ, তথ্য ও পরিষেবাগুলোর সঙ্গে সংযোগ করিয়ে দেওয়ার মাধ্যমে তাদেরকে সহায়তা করার জন্য স্টেট পর্যায়ে সক্ষমতা গড়ে তুলবে।

নাগরিক নেতৃত্ব কর্মসূচি অভিবাসীদের মতামত জানানো, নাগরিক নেতৃত্ব এবং অন্তর্ভুক্তির ক্ষেত্রে দেশ জুড়ে একটি মডেল হিসেবে কাজ করবে এবং একইসাথে নতুন আমেরিকান কমিউনিটিগুলোতে নাগরিক ও কমিউনিটির সম্পৃক্ততা জোরদার করার জন্য ONA-এর অন্যান্য প্রচেষ্টার সঙ্গে যোগ হবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স, যা 2012 সালে প্রতিষ্ঠিত, হল দেশের প্রথম বিধিবদ্ধভাবে তৈরি অভিবাসী পরিষেবার অফিস। ONA সমস্ত নতুন আমেরিকানদের বিভিন্ন ধরনের বিনামূল্যের পরিষেবা অ্যাক্সেস এবং নেভিগেট করতে সহায়তা করে এবং সম্প্রদায়ভিত্তিক প্রদানকারীদের তার রাজ্যব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে সহায়তা করে।

সহায়তার প্রয়োজন এমন অভিবাসীদের জন্য বা ONA-এর প্রোগ্রামগুলির সাথে সংযোগ করতে, নিউ আমেরিকানস হটলাইনে কল করুন 1-800-566-7636 নম্বরে সকাল 9:00 থেকে রাত 8:00 পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার। সমস্ত কল গোপনীয় রাখা হয়। 200টিরও বেশি ভাষায় সহায়তা পাওয়া যায়।

আরো তথ্যের জন্য, https://dos.ny.gov/office-new-americans-এ ভিজিট করুন অথবা ONA-কে অনুসরণ করুন টুইটারে (Twitter) @NYSNewAmericans-এ অথবা ফেসবুকে (Facebook) https://www.facebook.com/NYSNewAmericans-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418